

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৮০

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَان)

পরিচ্ছেদঃ ভাল আমলকারীর জন্য মহান আল্লাহ অনুগ্রহ করে দশগুণ সাওয়াব আর মন্দ আমল কারীর জন্য একটি গোনাহ লিখেন

ذِكْنُ تَفَضُّلِ اللَّهِ جَلَّ وَعَلَا عَلَى الْعَامِلِ حسنةٌ بِكَتْبِهَا عَشْرًا وَالْعَامِلِ سَيِّئَةً بِوَاحِدَةٍ

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدِ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ صَلَّى الرَّزَّاقِ قَالَ: وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى الرَّزَّاقِ قَالَ: وَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ اللَّهِ _ جَلَّ وَعَلَا _ قَالَ: (إِذَا تَحَدَّثَ عَبْدِي أَنْ يَعْمَلَ حَسَنَةً فَأَنَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ اللَّهِ _ جَلَّ وَعَلَا _ قَالَ: (إِذَا تَحَدَّثَ عَبْدِي أَنْ يَعْمَلَ حَسَنَةً فَأَنَا أَكْتُبُهَا بِعَشْرِ أَمْثَالِهَا وَإِذَا تَحَدَّثَ بِأَنْ يَعْمَلَ اللهَ اللهَ عَلْهَا فَأَنَا أَكْتُبُهَا بِعَشْرِ أَمْثَالِهَا وَإِذَا تَحَدَّثَ بِأَنْ يَعْمَلَ سَيِّئَةً فَأَنَا أَكْتُبُهَا بِعَشْرِ أَمْثَالِهَا وَإِذَا تَحَدَّثَ بِأَنْ يَعْمَلَ سَيِّئَةً فَأَنَا أَكْتُبُهَا مِثَلُها.)

الراوي: أَبُو هُرَيْرَةَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 328 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৩৮০. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মহান আল্লাহ থেকে বর্ণনা করেন, মহান আল্লাহ বলেন: "যখন আমার বান্দা কোন ভালো কাজ করার জন্য মনে মনে বলে, আমল না করা পর্যন্ত আমি তার জন্য একটি সাওয়াব লিখি, যখন সে আমল করে তখন আমি তার দশগুণ সাওয়াব লিপিবদ্ধ করি। আর যখন সে কোন মন্দ কাজ করার জন্য মনে মনে বলে, আমল না করা পর্যন্ত আমি তাকে ক্ষমা করে দেই, যখন সে আমল করে তখন আমি আমলের সমপরিমাণ পাপ লিপিবদ্ধ করি।"[1]

ফুটনোট

[1] মুসন্দ আহমাদ: ২/৩১৫; সহীহ মুসলিম: ১২৯; ইবনু মান্দাহ, আল ঈমান: ৩৭৬; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৪৮।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আর রওদ্বুন নাদ্বীর: ৯৫৫)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন